# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৪৬৮

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ইচ্ছাকৃতভাবে আসরের সালাত ত্যাগ করার ব্যাপারে হুশিয়ারী

## ذِكْرُ الزَّجْرِ عَنْ تَرْكِ الْمَرْءِ صَلَاةَ الْعَصْرِ وَهُوَ عَامِدٌ لَهُ

আরবী

1468 ـ أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ قَالَ: حَدَّثَنَا مُسَدَّدُ بْنُ مُسَرْهَدٍ عَنْ دَاوُدَ عَنِ الْأَوْزَاعِيِّ عَنْ يَحْيَى بْنِ أَبِي كَثِيرٍ عَنْ أَبِي قِلَابَةَ عَنْ أَبِي الْمُهَاجِرِ عَنْ بُرَيْدَةَ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: (بَكِّرُوا بِصَلَاةِ الْعَصْرِ يَوْمَ الْغَيْمِ فَإِنَّهُ مَنْ تَرَكَ صلاة العصر فقد حَبِطَ عمله)

الراوي : بُرَيْدَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1468 | خلاصة حكم المحدث.صحيح؛ دون جملة التكبير؛ فهي موقوفة ـ ((الإرواء)) (1/ 276/255) , ((التعليق الرغيب)) (1/ 169).

قَالَ الشَّيْخُ: وَهِمَ الْأَوْزَاعِيُّ فِي ((صَحِيفَتِهِ)) عَنْ يَحْيَى بْنِ أَبِي كَثِيرٍ عَنْ أَبِي قِلَابَةَ فَقَالَ: عَنْ أَبِي الْمُهَاجِرِ وَإِنَّمَا هُوَ: أَبُو الملهب عَمُّ أَبِي قِلَابَةَ وَاسْمُهُ عَمْرُو بْنُ مُعَاوِيَةَ بْنِ زَيْدٍ الْجَرْمِيُّ

বাংলা

১৪৬৮. বুরাইদা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “মেঘাচ্ছন্ন দিনে তোমরা সালাত সকাল সকাল আদায় করবে, কেননা যে ব্যক্তি সালাত ছেড়ে দেয়, সে কাফের হয়ে যায়।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “আমার উস্তাদ বলেছেন, ইমাম আওযাঈ রহিমাহুল্লাহ আবূ কিলাবাহ থেকে ইয়াহইয়া বিন কাসীরের সানাদ বর্ণনায় তাঁর পান্ডলিপিতে ভুল করেছেন, তিনি বলেছেন আবূ কিলাবাহ হাদীস বর্ণনা করেছেন আবুল মুহাজির থেকে কিন্তু সঠিক হলো তিনি হাদীস বর্ণনা করেছেন আবুল মুলাহ্হাব

থেকে, তিনি আবু কিলাবাহ এর চাচা ছিলেন। তার নাম আমর বিন মু‘আবিয়া বিন যাইদ আল জারমী।”

## ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৩৪২; মুসনাদ আহমাদ: ৫/৩৬১; ইবনু মাজাহ: ৬৯৪; সুনান বাইহাকী: ১/৪৪৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে ‘সকাল সকাল সালাত আদায় করার অংশ ব্যতীত বাকী অংশ সহীহ বলেছেন। (আত তা‘লীকুর রাগীব: ১/১৬৯)

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ বুরায়দাহ ইবনু হুসাইব আল-আসলামী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90783

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন